

তারিখ: ১১-১০-৭৩  
পৃষ্ঠা: ১২

## শিক্ষাঙ্গনে শৃঙ্খলা পুনরুদ্ধার ও দেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে এগিয়ে আসুন ॥ ভিসিদের প্রতি প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের প্রতি শিক্ষার অনুকূল পরিবেশ পুনরুদ্ধার এবং বিদেশে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন।

প্রধানমন্ত্রী বৃহস্পতিবার তাঁর কার্যালয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং শিক্ষকদের উদ্দেশে ভাষণকালে আরও বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে গত ৫

বছরের অরাজক পরিস্থিতির কারণে দেশের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। খবর বাসসর।

বেগম জিয়া বলেন, ছাত্ররা অসদুপায়, চাঁদাবাজি, মুক্তিপণ আদায়ের জন্য লোক অপহরণের ঘটনায় জড়িত এমন কোন খবর আমি আর পড়তে চাই না। উপাচার্যসহ সকলের সহযোগিতা কামনা করে তিনি

(১১- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

### শিক্ষাঙ্গনে শৃঙ্খলা

(১২-এর পাড়ার পর)

বলেন, সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও আমরা আপনাদের সর্বাঙ্গিক সহযোগিতা দেব। শিক্ষা এবং দেশের ভবিষ্যত প্রশ্নে আমাদের অসীকার খুবই পরিষ্কন্ন এবং আমি এ লক্ষ্য বাস্তবায়নে আপনাদের সহযোগিতা চাই।

এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী তাঁর সরকার শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে উল্লেখ করে বলেন, প্রাথমিক পর্যায়ে ছাত্রছাত্রীদের আর্থিক সমর্থন প্রদান করা হচ্ছে এবং উচ্চ মাধ্যমিক পর্যন্ত ছাত্রীদের অবৈতনিক শিক্ষার ব্যবস্থা করা হচ্ছে।

বেগম জিয়া উপাচার্যদের প্রতি ছাত্রছাত্রীদের মানসম্পন্ন শিক্ষা প্রদানের আহ্বান জানান- যাতে করে প্রতিবেশী দেশগুলোর ছাত্রছাত্রীরা আমাদের বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি আকৃষ্ট হয়। তিনি বলেন, গত ১১ সেপ্টেম্বরের ঘটনার পর ইউরোপ এবং আমেরিকায় উচ্চ শিক্ষা চাপের মধ্যে পড়েছে।

প্রধানমন্ত্রী বলেন, কেবল বিশ্ববিদ্যালয় নয়, অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানেও আমরা শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টি করতে চাই। উপাচার্যদের প্রতি তিনি শক্ত হাতে পরীক্ষায় অসদুপায় অবলম্বন দমন করার আহ্বান জানান- যাতে করে বিগত আওয়ামী লীগ শাসনামলে বিধ্বস্ত ভাবমূর্তি দ্রুত পুনরুদ্ধার করা যায়।

বেগম জিয়া বলেন, আমরা শিক্ষা নিয়ে রাজনীতি করার পক্ষপাতি নই, কেননা দেশের ভবিষ্যত এর ওপর নির্ভরশীল।